



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী

ফোন নং : ০২৪৭-৮১২৫৩২, মোবাইল নং: ০১৩০৯-১২৭০৪৩

web: [www.rmscraj.edu.bd](http://www.rmscraj.edu.bd)/e-mail: [mail.rmssc@gmail.com](mailto:mail.rmssc@gmail.com)



তারিখ : ০৯/১২/২০২১ খ্রি.

## ইউনিক আইডি (এস.এস.সি পরীক্ষার্থী-২০২১) প্রদানের লক্ষ্যে তথ্যছক (হার্ডকপি) পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এস.এস.সি পরীক্ষার্থী-২০২১ এর শিক্ষার্থীদের ইউনিক (UID) আইডি প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য শিক্ষার্থী তথ্যছক দুটি অংশে প্রনয়ণ করা হয়েছে। শিক্ষার্থী তথ্যছক “ক” এবং “খ” ওয়েবসাইটে ([www.rmscrsj.edu.bd](http://www.rmscrsj.edu.bd)) হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক তার হার্ডকপি আগামী ২০/১২/২০২১ খ্রি. তারিখ হতে ২৩/১২/২০২১ খ্রি. তারিখ বেলা ১১.৩০ মিনিট হতে দুপুর ১.০০ টার মধ্যে ১১৩ নং কক্ষে জমাদানের জন্য শিক্ষার্থীদের নির্দেশ দেয়া যাচ্ছে।

### শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের করণীয় :

০১। শিক্ষার্থী নিজে অথবা পিতা/মাতা/অভিভাবকের সহায়তায় তথ্যছকটি (অংশ “ক”) যথাযথভাবে পূরণ করবে।

০২। তথ্যছকের সাথে সাপোর্টিং ডকুমেন্ট, যেমন-শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড), শিক্ষার্থীর জন্মসনদ এর ফটোকপি, পিতা ও মাতা/অভিভাবকের জাতীয় (NID) পরিচয়পত্রের ফটোকপি এবং জন্মসনদের ফটোকপি (যদি থাকে) সংযুক্ত করবেন।

০৩। যদি কোন পিতা/মাতা/অভিভাবকের জন্মসনদ না থাকে তাহলে জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট স্থানীয় ইউনিয়ন পরিষদের তথ্য সেবা দপ্তরে যোগাযোগ করে তথ্য সংগ্রহের ব্যবস্থা করবেন।

০৪। শিক্ষার্থী কর্তৃক তথ্যছক পূরণের পর যাচাইপূর্বক পিতা/মাতা/অভিভাবক তথ্যছকের যথাস্থানে স্বাক্ষর/টিপসই প্রদান করবেন।

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ  
রাজশাহী।

পরবর্তী পৃষ্ঠায় দেখুন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী

ফোন নং : ০২৪৭-৮১২৫৩২, মোবাইল নং: ০১৩০৯-১২৭০৪৩

web: [www.rmscraj.edu.bd](http://www.rmscraj.edu.bd)/e-mail: [mail.rmssc@gmail.com](mailto:mail.rmssc@gmail.com)



তারিখ : ০৯/১২/২০২১ খ্রি.

## তথ্যছক পূরণ সংক্রান্ত নির্দেশনা

- ০১। শিক্ষার্থীর নাম বাংলায় স্পস্ট অক্ষরে পূরণ করতে হবে।
- ০২। শিক্ষার্থীর নাম ইংরেজীতে স্পস্ট বড় অক্ষরে প্রতিটি ঘর পূরণ করতে হবে। প্রতিটি শব্দ পূরণের পর ১টি ঘর ফাঁকা রাখতে হবে।
- ০৩। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদ অনুযায়ী জন্মনিবন্ধন নম্বর প্রতিটি ঘরে ১টি ডিজিট দ্বারা পূরণ করতে হবে।
- ০৪। শিক্ষার্থীর জন্ম তারিখ জন্মনিবন্ধন সনদ অনুযায়ী নির্ধারিত ঘরে প্রথমে ২ ডিজিটে কততম দিন অতঃপর ২ ডিজিটে কততম মাস এবং জন্মসনদের সাল ৪ ডিজিটে পূরণ করতে হবে।
- ০৫। শিক্ষার্থীর জন্মস্থান বলতে নিজ জেলাকে বুঝানো হয়েছে। ঘরটি জেলার নাম দ্বারা পূরণ করতে হবে।
- ০৬। (৬-১৩) প্রযোজ্য ক্ষেত্রে টিক (✓) চিহ্ন দিতে হবে।
- ১৪। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হলে ঘরে টিক (✓) চিহ্ন প্রদান করতে হবে। অন্যথায় পূরণের প্রয়োজন নাই।
- ১৪। ১৪ নং প্রশ্নে হ্যাঁ হলে বর্ণিত ১৩টি বিকল্পের মধ্যে প্রযোজ্যটিকে (✓) চিহ্ন দিতে হবে।
- ১৫ ও ১৬। মাতা এবং পিতার জাতীয় পরিচায়পত্র এর বিদ্যমান তথ্য অনুযায়ী ক, গ, ঘ, ঙ অংশ পূরণ করতে হবে।
- ‘খ’ নম্বর অংশ মাতা ও পিতার জন্মনিবন্ধন সনদ অনুযায়ী পূরণ করতে হবে (যদি থাকে)।
- মাতা ও পিতার সার্বক্ষণিক ব্যবহৃত মোবাইল নম্বর, পেশা এবং মাতা ও পিতা মৃত হলে শুধুমাত্র সাল উল্লেখ করতে হবে।

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

১৭। শিক্ষার্থীর বর্তমান ঠিকানা সংশ্লিষ্ট তথ্যাদি “ক-ট” পর্যন্ত যথাযথভাবে পূরণ করতে হবে।

১৮। শিক্ষার্থীর পিতা অথবা পিতার অবর্তমানে মাতার ঠিকানা তার স্থায়ী ঠিকানা বিবেচনায় পিতা/মাতার জাতীয় পরিচয় পত্র অনুযায়ী “ক-ট” পর্যন্ত পূরণ করতে হবে যা জাতীয় (NID) পরিচয় পত্র কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত ডেটার সাথে যথাযথ যাচাই করা হবে।

১৯। শিক্ষার্থীর পিতা-মাতা উভয়েই মৃত হলে যিনি অভিভাবকের দায়িত্ব পালন করছেন তাঁর সংশ্লিষ্ট তথ্যাদি “ক-ঙ” অংশে পূরণ করতে হবে।

২০। তথ্যছকটির “ক” অংশ যথাযথভাবে পূরণের পর শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবক তা প্রত্যয়ন করবেন এবং যথাস্থানে তার নাম ও সক্ষম হলে স্বাক্ষর প্রদান করবেন।

### শিক্ষার্থীর আইডি :

শিক্ষার্থীর তথ্যছকের অংশ “ক” সকল তথ্য এন্ট্রির পর (System) সিস্টেম থেকে স্বয়ংক্রিয়ভাবে শিক্ষার্থীর আইডি (Generate) জেনারেট হবে। শিক্ষার্থী বা প্রতিষ্ঠানকে পূরণ করতে হবে না।

### ইউনিক আইডি :

স্বয়ংক্রিয়ভাবে (ORG) এর ডেটাবেজ থেকে (Generate) জেনারেট হবে। শিক্ষার্থী/শিক্ষকের পূরণ করার প্রয়োজন হবে না।

**বিঃদ্রঃ-** পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র না থাকলে জরুরী ভিত্তিতে জাতীয় পরিচয়পত্র সংগ্রহের উদ্যোগ নিতে হবে।



অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ  
রাজশাহী।